# অক্টোবর ২০২৩ মাসে অনুষ্ঠিত চাঁপাইনবাবগঞ্জ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচার কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ এ কে এম গালিভ খাঁন, জেলা ম্যাজিস্ট্রেট , চাঁপাইনবাবগঞ্জ
তারিখ ঃ ০৮.১০.২০২৩ খ্রিস্টাব্দ; সময়ঃ সকাল ১০.৫০ ঘটিকা
স্থান ঃ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, চাঁপাইনবাবগঞ্জ
উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি সেপ্টেম্বর ২০২৩ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক পরিচালিত মাদকবিরোধী অভিযান ও মামলার তথ্য উপস্থাপনের জন্য সদস্য সচিবকে বলেন। অতঃপর নিম্নোক্ত ছকে তথ্য উপস্থাপনসহ এ বিষয়ে আলোচনাপূর্বক প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের নিমিত্তে সকলের দৃষ্টি আকর্ষণ করা হয় :-

১. সেপ্টেম্বর ২০২৩ মাসে বিজ্ঞ দায়রা জজ আদালত এবং বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতসমূহে বিচারাধীন মামলা ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্যের বিবরণী ঃ

| ক্রঃ নং | আদালতের নাম | বিগত মাস হতে আগত মামলার সংখ্যা | বিবেচ্য মাসে আগত মামলার সংখ্যা | মোট মামলার সংখ্যা | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | মাস শেষে পেন্ডিং মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | সাজা | খালাস | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | বিজ্ঞ দায়রা জজ আদালত চাঁপাইনবাবগঞ্জ | ৫৯৭ | ০৮ | ৬০৫ | ০৩ | ০১ | ০৪ | ৬০১ |
| ২ | বিজ্ঞ চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, চাঁপাইনবাবগঞ্জ | ২৯৪ | ১৩ | ৩০৭ | ০৫ | ০১ | ০৬ | ৩০১ |
| | মোট= | ৮৯১ | ২১ | ৯১২ | ০৮ | ০২ | ১০ | ৯০২ |

২. সেপ্টেম্বর ২০২৩ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক পরিচালিত মাদকবিরোধী অভিযান সংক্রান্ত তথ্য:

| ক্রঃ নং | অভিযান পরিচালনাকারী সংস্থার নাম | অভিযানের সংখ্যা | মামলার সংখ্যা | কারাদণ্ডপ্রাপ্ত আসামীর সংখ্যা | আলামতের আনুমানিক মূল্য | জব্দকৃত মালামাল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | মোবাইল কোর্ট | ৭০ | ৪৯ | ৪৯ | ২,৫৭,৬০০/- | ১। গাঁজা ০৫ কেজি ৪২০ গ্রাম<br>২। হেরোইন- ০৮ গ্রাম<br>৩। চোলাইমদ- ২৪ লিটার<br>৪। ইয়াবা- ১০ পিস | |
| ০২ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ৪৩ | ১২ টাস্কফোর্সসহ | ১৮ | ৬২,৭২,৮০০/- | ১। গাঁজা- ১০০ কেজি ২০০ গ্রাম<br>২। ফেনসিডিল-৬ বোতল<br>৩। হেরোইন ৭১ গ্রাম<br>৪। ইয়াবা ট্যাবলেট- ১০০০ পিস<br>৫। চোলাইমদ- ৩০ লিটার<br>৬। ডিজিটাল ওজন মাপকযন্ত্র - ০১ টি<br>৭। বিদেশীমদ -০৫বোতল<br>৮। টাপেন্টাডল ট্যাবলেট -১৪ পিস<br>৯।মোবা্ইল সেট -০১টি<br>১০। ট্র্যাক -১টি<br>১১। লবন -১৯০ বস্তা | |
| ৩ | টাস্কফোর্স | ০২ | ০২ (নিয়মিত-০১ টি + মোবাইল কোর্ট-০১ টি) | ০২ | ৩,০০০/- | ১। গাঁজা-১০০ গ্রাম<br>২। হেরোইন ০৭ গ্রাম | |
| ০৪ | **সর্বমোট** | **১১৫** | ৬২ | ৬৮ | ৬৫,৩৩,৪০০/- | ১। গাঁজা-১০৫ কেজি ৭২০ গ্রাম<br>২। ফেনসিডিল-০৬ বোতল<br>৩। হেরোইন ৭৯ গ্রাম<br>৪। ইয়াবা ট্যাবলেট- ১০১০ পিস<br>৫। চোলাইমদ- ৫৪ লিটার<br>৬। ডিজিটাল ওজন মাপকযন্ত্র ০১ টি<br>৭। বিদেশীমদ -০৫বোতল<br>৮। টাপেন্টাডল ট্যাবলেট -১৪ পিস<br>৯। মোবা্ইল সেট -১টি<br>১০। ট্র্যাক -১টি<br>১১। লবন -১৯০ বস্তা | |

৩. সেপ্টেম্বর-২০২৩ মাসে দায়েরকৃত মামলা ও তদন্তাধীন মামলার বিবরণী ঃ

| তদন্তকারী এজেন্সির নাম | গত মাস হতে আগত মামলার সংখ্যা | বিবেচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা | মোট মামলার সংখ্যা (২+৩) | বিবেচ্য মাসে তদন্ত নিষ্পন্ন মামলার সংখ্যা | | | মাস শেষে পেন্ডিং মামলার সংখ্যা (৪-৭) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | অভিযোগ পত্র | চূড়ান্ত প্রতিবেদন | মোট (৫+৬) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ২১ | ১২ | ৩৩ | ২১ | - | ২১ | ১২ |

৪.১ অত:পর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| মাদকদ্রব্য সংক্রান্ত বিচারাধীন মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে বিজ্ঞ আদালতে সাক্ষী হাজিরার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ<br>২। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, চাঁপাইনবাবগঞ্জ<br>৩। কোর্ট পুলিশ পরিদর্শক, চাঁপাইনবাবগঞ্জ |

৪.২ সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনা শেষে সীমান্তবর্তী জেলা হিসেবে এ জেলায় অভিযানের এ ধারা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করা হয়।

৪.৩ আগস্ট ২০২৩ মাসের তদন্তাধীন মামলার বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| তদন্তাধীন মামলাসমূহের তদন্ত কার্যক্রম দ্রুত সম্পন্ন করে রাসায়নিক পরীক্ষার প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে বিজ্ঞ আদালতে প্রতিবেদন দাখিল করতে হবে। | ১। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,চাঁপাইনবাবগঞ্জ<br>২। অফিসার ইনচার্জ,(সকল থানা), চাঁপাইনবাবগঞ্জ। |

৫. আলোচনা ঃ মাদকবিরোধী গণসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা সংক্রান্তঃ

৫.১ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জের উপপরিচালক সভাকে অবহিত করেন যে, মাদকবিরোধী অপারেশনাল কার্যক্রমের পাশাপাশি মাদকের চাহিদা হ্রাসের লক্ষ্যে জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী উদ্বুদ্ধকরণ কার্যক্রমসহ নানাবিধ মাদকবিরোধী গণসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় সেপ্টেম্বর/২০২৩ মাসে মাদকবিরোধী সচেতনতামূলক ০৭ টি সভা করা হয়েছে। পাশাপাশি মানুষের মাঝে মাদকবিরোধী সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মানবদেহে মাদকের ক্ষতিকর প্রভাব সম্বলিত ১০০০টি লিফলেট, ৫০ টি খাতা ও ২০টি ফেস্টুন বিতরণ করা হয়েছে এবং এ কার্যক্রম চলমান রয়েছে।

৫.২ সভাপতি, সীমান্ত এলাকাসহ অন্যান্য উপজেলায় মাদকবিরোধী অভিযানের এ ধারা অব্যাহত রাখাসহ জনসচেতনতা বৃদ্ধিতে সার্বিক সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন।

৫.৩ মাদকদ্রব্যের অপব্যবহার রোধ এবং নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | মাদকদ্রব্যের অপব্যবহার রোধ ও অভিযান পরিচালনা সংক্রান্ত | মাদকদ্রব্যের অপব্যবহার যাতে বৃদ্ধি না পায় এবং মাদকের কারণে কোন অনাকাঙ্খিত ঘটনা যাতে না ঘটে সে জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ অনুযায়ী অভিযান পরিচালনার বিষয়ে আলোচনা হয়। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ অনুযায়ী অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁপাইনবাবগঞ্জ।<br>৩। বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), চাঁপাইনবাবগঞ্জ।<br>৪। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,চাঁপাইনবাবগঞ্জ।<br>৫। অফিসার ইনচার্জ(সকল থানা) চাঁপাইনবাবগঞ্জ। |
| ২ | উপজেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচার কমিটির সভা সংক্রান্ত | উপজেলা পর্যায়ে গঠিত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচার কমিটির নিয়মিত সভা করা এবং সভার কার্যবিবরনী সভাপতির দপ্তরসহ সংশ্লিষ্ট অফিসে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | উপজেলা পর্যায়ে গঠিত উপজেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচার কমিটির সভা নিয়মিতভাবে অনুষ্ঠানপূর্বক সভার কার্যবিবরণী প্রতি মাসের ৩ তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়সহ সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁপাইনবাবগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | মাদকবিরোধী প্রচার ও উদ্বুদ্ধকরণ সভা সংক্রান্ত | প্রতিটি ইউনিয়ন ও ওয়ার্ডে মাদকবিরোধী প্রচার ও গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে উদ্বুদ্ধকরণ কর্মসূচি গ্রহণ করে মাদক চোরাকারবারীদের সাথে সম্পৃক্তদের সামাজিকভাবে বয়কটের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত মাদকবিরোধী উদ্বুদ্ধকরণ সভা ও মাদকবিরোধী শপথবাক্য পাঠ করার বিষয়ে আলোচনা হয়। | ১। প্রতিটি ইউনিয়ন ও ওয়ার্ডে মাদকবিরোধী গণসচেতনতামূলক উদ্বুদ্ধকরণ কর্মসূচি গ্রহণ করে তৃণমূল পর্যায়ের জনগণকে সচেতন করতে হবে।<br><br>২। শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিতভাবে মাদকবিরোধী সচেতনতামূলক আলোচনা সভা ও মাদকবিরোধী শপথবাক্য পাঠ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) চাঁপাইনবাবগঞ্জ।<br>২। মেয়র, পৌরসভা (সকল) চাঁপাইনবাবগঞ্জ।<br>৩। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), চাঁপাইনবাবগঞ্জ।<br><br>৪। জেলা শিক্ষা অফিসার চাঁপাইনবাবগঞ্জ<br>৫। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।<br>৬। সংশ্লিষ্ট সকল। |
| ৪ | জুমার নামাজের খুৎবার পূর্বে মাদকবিরোধী বক্তব্য/বয়ান প্রদান সংক্রান্ত | জেলার প্রতিটি মসজিদে শুক্রবার জুমার নামাজের খুতবার পূর্বে ঈমামদের মাধ্যমে মাদকবিরোধী বক্তব্য/বয়ান প্রদান অব্যাহত রাখার বিষয়ে সভায় বিশেষ গুরুত্ব আরোপ করা হয় এবং এ কার্যক্রম মনিটরিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, চাঁপাইনবাবগঞ্জকে অনুরোধ করা হয়। | প্রতিটি মসজিদে শুক্রবার জুমার নামাজের খুতবার পূর্বে ঈমামদের মাধ্যমে মাদকবিরোধী বক্তব্য/বয়ান প্রদান অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন চাঁপাইনবাবগঞ্জ। |
| ৫ | মাদকের ক্ষতিকর দিকসমুহ ব্যাপক প্রচার সংক্রান্ত | জেলা তথ্য অফিস কর্তৃক বিভিন্ন জনবহুল স্থানে মাদকবিরোধী জনসচেতনতামূলক শর্টফিল্ম/ টিভিসি প্রদর্শনের মাধ্যমে জনসাধারণের মাঝে মাদকের ক্ষতিকর দিকগুলো সম্পর্কে সচেতনতা সৃষ্টির কার্যক্রম অব্যাহত রাখা সংক্রান্ত আলোচনা হয়। | জেলা তথ্য অফিসের মাধ্যমে মাদকবিরোধী শর্টফিল্ম প্রদর্শণের মাধ্যমে জনসাধারণের মধ্যে সতেচনতা সৃষ্টির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। জেলা তথ্য অফিসার চাঁপাইনবাবগঞ্জ।<br>২। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ। |

**৬. মাদকবিরোধী কর্মপরিকল্পনা সংক্রান্ত ঃ**

সভাপতি সভাকে অবহিত করেন যে, মাদকবিরোধী অভিযান জোরদারকরণ এবং মাদকের কুফল সম্পর্কে সর্বস্তরে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে মাদকের আগ্রাসন থেকে চাঁপাইনবাবগঞ্জ জেলাকে নিরাপদ করার লক্ষ্যে জেলা প্রশাসন, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক তিনবছর মেয়াদী (২০২০-২২) একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এ প্রসঙ্গে সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে সামাজিক আন্দোলন গড়ে তোলার জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক একটি খসড়া সমন্বিত কর্মপরিকল্পনা (Comprehensive Action Plan) প্রণয়ন করা হয়েছে। স্থানীয় পর্যায়ের মতামতের ভিত্তিতে খসড়া সমন্বিত কর্মপরিকল্পনাটি চূড়ান্ত করণের লক্ষ্যে ইতোমধ্যে চাঁপাইনবাবগঞ্জ জেলায় জেলা পর্যায়ের এবং জেলার ০৫(পাঁচ) টি উপজেলার সবকটিতে উপজেলা পর্যায়ের কর্মশালা অনুষ্ঠান সফলভাবে সম্পন্ন হয়েছে। বর্ণিত কর্মপরিকল্পনা যথাসময়ে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্রঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | চাঁপাইনবাবগঞ্জ জেলাকে মাদক থেকে নিরাপদ করার লক্ষ্যে বিদ্যমান কমিটিসমূহকে শক্তিশালী করণ সংক্রান্ত। | জেলাকে মাদক থেকে নিরাপদ করার লক্ষ্যে ইউনিয়ন/পৌরসভা ও উপজেলা পর্যায়ে সরকারি/বেসরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধি, সাংবাদিক, এনজিও ও সুশীল সমাজের সমন্বয়ে গঠিত কমিটিসমূহের কর্মতৎপরতা বৃদ্ধি করা। নিয়মিত সভা অনুষ্ঠান এবং সভার | ইউনিয়ন/পৌরসভা ও উপজেলা পর্যায়ে সরকারি/বেসরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধি, সাংবাদিক, এনজিও ও সুশীল সমাজের সমন্বয়ে গঠিত মাদক বিরোধী কমিটির | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁপাইনবাবগঞ্জ।<br>২। সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা ও উপজেলা কমিটি, চাঁপাইনবাবগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কার্যবিবরণীসমূহ সংশ্লিষ্ট উর্দ্ধতন দপ্তরে প্রেরণ নিশ্চিত করা। সকল কমিটি তার উর্দ্ধতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত বাস্তবায়নে তৎপরতা বৃদ্ধি করবে মর্মে আলোচনা করা হয়। | কর্মতৎপরতা বৃদ্ধি করতে হবে। কমিটির নিয়মিত সভা অনুষ্ঠান এবং সভার কার্যবিবরণীসমূহ সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষের বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে। | |
| ২ | সীমান্ত পথে মাদকের প্রবেশ রোধ সংক্রান্ত | সোনামসজিদ স্থলবন্দরসহ সীমান্তবর্তী চোরাচালান প্রবণ স্থানে নতুন চেকপোস্ট স্থাপন ও বিদ্যমান চেকপোস্টের তল্লাশী কার্যক্রম জোরদার করার বিষয়ে আলোচনা করা হয়। | সোনামসজিদ স্থলবন্দরসহ সীমান্তবর্তী চোরাচালান প্রবণ স্থানে নতুন চেকপোস্ট স্থাপন ও বিদ্যমান চেকপোস্টের তল্লাশী কার্যক্রম জোরদার করতে হবে। | ১। অধিনায়ক, ৫৩/ ৫৯/১৬ বিজিবি চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ। |
| ৩ | সমন্বিত কর্মপরিকল্পনা (Comprehensive Action Plan) প্রণয়নে কর্মশালা সংক্রান্ত। | সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে সামাজিক আন্দোলন গড়ে তোলার জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক একটি খসড়া সমন্বিত কর্মপরিকল্পনা (Comprehensive Action Plan) প্রণয়ন করা হয়েছে। স্থানীয় পর্যায়ের মতামতের ভিত্তিতে সমন্বিত কর্মপরিকল্পনাটি চূড়ান্ত করণের নিমিত্তে ইতোমধ্যে চাঁপাইনবাবগঞ্জ জেলায় জেলা পর্যায়ের এবং জেলার ০৫ (পাঁচ) টি উপজেলার সবকটিতে উপজেলা পর্যায়ের কর্মশালা অনুষ্ঠান সফলভাবে সম্পন্ন হয়েছে। সভাপতি, কর্মপরিকল্পনার যথাযথ বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন। | সমন্বিত কর্মপরিকল্পনাটি চূড়ান্ত হওয়ার পর কর্মপরিকল্পনার যথাযথ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে। | সংশ্লিষ্ট সকল |

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১/১০/২০১৩

(এ কে এম গালিভ খাঁন)
জেলা ম্যাজিস্ট্রেট
চাঁপাইনবাবগঞ্জ
ফোন ঃ ০২-৫৮৮৮৯৯৩৩০০ (অফিস)
ফ্যাক্স ঃ +৮৮০৭৮১-৫২৫৭৬
মোবাইল ঃ ০১৩১৮-৩২০১০০
Email: dcchapainawabganj@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়
৮৫ পূর্ব পাঠান পাড়া, চাঁপাইনবাবগঞ্জ
www.dnc.chapainawabganj.gov.bd

নং- ৫৮.০২.৭০০০.১৪১.০৬.০০১.২১.(অংশ-১)৫২৭(৬০)

তারিখ : ৩১ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
১৬ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হ'ল ঃ**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় সংসদ সদস্য, চাঁপাইনবাবগঞ্জ-১/২/৩।
০৩। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৫। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৪১সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
০৬। চেয়ারম্যান, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

০৭। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।
০৯। উপ- অধিনায়ক, ৫৩/৫৯/১৬ বিজিবি, চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ।
১০। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ।
১১। সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ।
১২। অধ্যক্ষ, নবাবগঞ্জ সরকারি কলেজ/ নবাবগঞ্জ সরকারি মহিলা কলেজ, চাঁপাইনবাবগঞ্জ।
১৩। অধ্যক্ষ, রহনপুর ইউসুফ আলী কলেজ, রহনপুর, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ
১৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।
১৫। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ।
১৬। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যলিয়, রাজশাহী।
১৭। মেয়র, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/রহনপুর/নাচোল পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ।
১৮। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।
১৯। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, চাঁপাইনবাবগঞ্জ।
২০। জেলা শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ।
২১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
২২। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা বিভাগ, চাঁপাইনবাবগঞ্জ।
২৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ।
২৪। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
২৫। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, চাঁপাইনবাবগঞ্জ।
২৬। উপ-পরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, চাঁপাইনবাবগঞ্জ।
২৭। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
২৮। সহকারী পরিচালক, বিআরটিএ, চাঁপাইনবাবগঞ্জ।
২৯। পোস্ট মাস্টার, প্রধান ডাকঘর, চাঁপাইনবাবগঞ্জ।
৩০। তত্ত্বাবধায়ক, জেলা কারাগার, চাঁপাইনবাবগঞ্জ।
৩১। জেলা কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, চাঁপাইনবাবগঞ্জ।
৩২। জেলা ক্রীড়া অফিসার, চাঁপাইনবাবগঞ্জ।
৩৩। জেলা তথ্য অফিসার, চাঁপাইনবাবগঞ্জ।
৩৪। সভাপতি/সম্পাদক, জেলা বার এসোসিয়েশন, চাঁপাইনবাবগঞ্জ।
৩৫। সভাপতি/সম্পাদক ,জেলা প্রেসক্লাব/ চাঁপাইনবাবগঞ্জ প্রেসক্লাব, চাঁপাইনবাবগঞ্জ।
৩৬। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, চাঁপাইনবাবগঞ্জ।
৩৭। ড. মাযহারুল ইসলাম তরু, বিশিষ্ট সমাজসেবক ও উপাধ্যক্ষ, আদিনা ফজলুল হক সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ।
৩৮। জনাব শান্তনা হক শান্তা, সদস্য, জেলা পরিষদ ও প্রাক্তন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, চাঁপাইনবাবগঞ্জ।
৩৯। জনাব গৌর চন্দ্র সিতু, বিশিষ্ঠ সমাজ সেবিকা, চাঁপাইনবাবগঞ্জ।
৪০। সভাপতি, জেলা মোটর মালিক গ্রুপ, চাঁপাইনবাবগঞ্জ।

৪১। সভাপতি, জেলা ট্রাক, কাভার্ডভ্যান ও মোটর শ্রমিক ইউনিয়ন, চাঁপাইনবাবগঞ্জ।
৪২। সভাপতি/সম্পাদক, পূণর্জীবন, মাদকমুক্ত উন্নয়ন সংস্থা, সদরঘাট, চাঁপাইনবাবগঞ্জ।
৪৩। নির্বাহী পরিচালক, প্রয়াস মানবিক উন্নয়ন সোসাইটি, বেলেপুকুর, চাঁপাইনবাবগঞ্জ।
৪৪। নির্বাহী পরিচালক, নোবেল মাদকমুক্ত উন্নয়ন সোসাইটি, চাঁপাইনবাবগঞ্জ।
৪৫। ..............................................................

২৫.১০.২৫

(মোহাম্মদ আনিছুর রহমান খাঁন)
উপপরিচালক
ও
সদস্য সচিব
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচার কমিটি
চাঁপাইনবাবগঞ্জ
ফোনঃ ০২৫৮৮৮৯৩১০৯
মোবাঃ ০১৪০৪-০৭২৪১০